

জন্মিলে মরিতে হবে

দারিদ্র্য? না অনাহার?

এই নিয়ে গবেষণা মার্বেল টেবিলে।

উপস্থিত পাঁচজন, বাকিরাও এসে পড়বে দ্রুত।

একজন মিটিং সেরে, একজন নাটক দেখে,

অন্য জন জানায়নি কিছু।

কিন্তু সকলে জানে আজকের স্পেশাল মেনুতে

আছে বিরিয়ানি আর চিকেন মশালা।

শেফ্ খুব নামজাদা, বছরে দু বার যায়

ফুড ফেস্টিভালে।

সিএট মেনুটি শুধু জানা যাবে লাঞ্চার প্লেটে।

ঘড়ি দেখে একজন বলল, 'হ্যাঁ, এটাই ঝামেলা,

খবরকাগজ ছিল একরকম, তার ওপর টিভি!

চষে ফেলছে সবকিছু হলদিবাড়ি থেকে আমলাশোল

পাঁচ-সাতটা মানুষ মরলে কী আর এমন

ক্ষতি হয়!'

'মৃত্যু তো আছেই', বলে একজন হল দার্শনিক

'জন্মিলে মরিতে হবে ....., বলেননি কবি!'

দিব্যেন্দু পালিত

